

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯১

আগরতলা, ২৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিভিন্ন প্রস্তুতিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে : রিটার্নিং অফিসার



লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিভিন্ন প্রস্তুতিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার সাজু বাহিদ এ আজ এক প্রেস নোটে একথা জানিয়ে বলেন, আজ বিকেল ৪টা পর্যন্ত পোস্টাল ব্যালট ফ্যাসিলিটেশন সেন্টারে পোস্টাল ব্যালটে ধলাই জেলায় নির্বাচনী কাজে নিযুক্ত ১,০৮৭ জন সরকারি কর্মচারির মধ্যে ১,০৫৭ জন ভোটাধিকার প্রয়োগ করেছেন। পোস্টাল ব্যালটে ভোটদানের হার ৯৭.২৪ শতাংশ। সংসদীয় ও বিধানসভা ক্ষেত্রের কন্ট্রোল রুমের (সিসিআর) সাথে যোগাযোগ, লজিস্টিক ম্যানেজমেন্ট এবং নির্বাচনকালীন সময়ে জরুরি প্রতিক্রিয়ার জন্য পর্যাপ্ত পরিকাঠামোযুক্ত ডিস্ট্রিক্ট কন্ট্রোল রুম (ডিসিআর) সহ কমিউকেশন কন্ট্রোল রুম, মিডিয়া মনিটরিং কন্ট্রোল রুম এবং ওয়েবকাস্টিং কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। আজ বিকেল ৪টায় সেক্টর ম্যাজিস্ট্রেট, সহকারি রিটার্নিং অফিসার এবং পুলিশ সেক্টর অফিসারদের নিয়ে কুইক রেসপন্স টিম (কিউআরটি) মোতায়েন, ওয়েবকাস্টিং ড্রাই রান সহ নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে।
